'समानो मन्त्रः समितिः समानी'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 3rd Semester Examination, 2023

## GE2-P1-BENGALI

### NEW & RE-REVISED SYLLABUS

Time Allotted: 2 Hours | Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

১। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) ফোর্ট উইলিয়াম কলেজ কবে প্রতিষ্ঠিত হয় ? এই কলেজ কেন প্রতিষ্ঠিত হয়েছিল ? এখান থেকে প্রকাশিত প্রথম বাংলা গদ্যগ্রন্থের নাম কী ?

(খ) প্রকাশকাল-সহ মধুসূদন দত্ত-র তিনটি কাব্যগ্রন্থের নাম লেখো।

(গ) গিরিশচন্দ্র ঘোষ কী ধরনের নাটক লেখার জন্য বেশি বিখ্যাত ? তাঁর এই ধরনের চারটি নাটকের নাম লেখো।

(ঘ) বিজন ভট্টাচার্য কোন নাট্য আন্দোলনের সঙ্গে যুক্ত ছিলেন ? প্রকাশকাল-সহ তাঁর দু'টি নাটকের নাম উল্লেখ করো।

(ঙ) বাংলা উপন্যাসের 'ত্রয়ী বন্দ্যোপাধ্যায়' কারা ? তাঁদের জন্ম ও মৃত্যু সাল লেখো।

(চ) 'অপিনিহিতি' কাকে বলে ? উদাহরণ দাও।

২। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) বাংলা গদ্যসাহিত্যে উইলিয়াম কেরির ভূমিকা আলোচনা করো।

(খ) বাংলা কাব্যজগতে 'ভোরের পাখি' কাকে বলা হয় ? তাঁর কবিপ্রতিভা সংক্ষেপে বুঝিয়ে দাও।

(গ) প্রহসন রচনায় মধুসূদন দত্ত-র কৃতিত্ব আলোচনা করো।

(ঘ) ঐতিহাসিক নাটক রচনায় দ্বিজেন্দ্রলাল রায় কী কী অভিনবত্ব দেখিয়েছেন বুঝিয়ে দাও।

(ঙ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রচিত সামাজিক উপন্যাসগুলির নাম লেখো (প্রকাশকাল-সহ)। এগুলির বৈশিষ্ট্য সংক্ষেপে বুঝিয়ে দাও।

(চ) উদাহরণ-সহ সংজ্ঞা লেখোঃ (যে-কোনো *দু'টি*)

স্বরসংগতি, সমীভবন, লোকনিরুক্তি।

৩। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ১২×২=২৪

(ক) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরকে 'বাংলা গদ্যের জনক' বলা যায় কিনা যুক্তিসহ আলোচনা করো।

(খ) বাংলা নাটকের ইতিহাসে দীনবন্ধু মিত্র'র ভূমিকা বুঝিয়ে দাও।

(গ) রবীন্দ্রনাথের হাতেই বাংলা ছোটোগল্পের উদ্ভব, বিকাশ ও পরিণতি ঘটেছে —আলোচনা করো।

(ঘ) বাংলা উপন্যাসের ধারায় বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়-এর অবস্থান ও বিশিষ্টতা বুঝিয়ে দাও।

——×——